

## শ্রীশ্রীহরি সঙ্গীত

১৪২ নং তাল-যৎ

চন্দ্রতুল্য অভিমুখ্য প'ল রণে।

গিয়ে দ্রোণ-বুহু-চক্র-মধ্যে, নিগম না জেনে ॥

- ১। মাতুল যাহার শ্রীকৃষ্ণধন, পিতা যাহার নর নারায়ণ।  
সহায় থাকতে আত্ম স্বজন মলো পরাণে ॥
- ২। তত্ত্ব নিগম না জানিলে, কি হয় গুরু সহায় বলে।  
রক্ষা নাই তার কোন কালে, কাম দ্রোণের বাণে ॥
- ৩। তত্ত্ব নিগম জান আগে, জয় কর রিপু ছয় ছাগে।  
কাম দ্রোণকে হঠাও আগে সূক্ষ্ম সন্ধানে ॥
- ৪। তত্ত্ব নিগম যে জন জানে, টলে না কাম দ্রোণের বাণে।  
যুগল মিলন নিশি দিনে, দেখে নয়নে ॥
- ৫। তারকচাঁদ কয় করে বিক্রম, শোন বলি অশ্বিনী অধম।  
তোর শিক্ষা দিব তত্ত্ব নিগম, থাক চেতনে ॥

১৪৩ নং তাল-যৎ

পঞ্চ আত্মা পান্ডবের সহায় হও শ্রীহরি।

দুস্মৃতি দুষ্ট দুর্যোগ্যধন মম অরি ॥

- ১। দেহ কুরুক্ষেত্র মাঝে, সেজে এলো রণ সাজে।  
সঙ্কট তরঙ্গ মাঝে ডুবে মরি ॥
- ২। ধর্মাত্মারূপ ধর্মসুত, সদায় তোমার অনুগত।  
ডাকে অনুরাগ বৃকোদর কত, গর্জ্জন করি ॥
- ৩। সূক্ষ্ম রসরূপ বীর ধনঞ্জয়, ডাকে তোমায় দীন দয়াময়।  
সারথীর বেশে হও উদয়, কৃপা করি ॥
- ৪। শম রসরূপ ডাকে নকুল, দম রস সহদেব আকুল।  
এ বিপদে হও অনুকুল, বিপদ হারী ॥